প্যারাসুটে গাধার সফর

দক্ষিণ রাশিয়ার অজিভ সাগরের বিচে অবকাশযাপনকারীরা নীল আকাশে প্যারাসুটে একটি গাধাকে ভাসতে দেখে বিস্মিত হয়ে গিয়েছিল। নিজেদের প্রাইভেট বিচে পর্যটকদের আকৃষ্ট করতেই আকাশে গাধা পাঠায় বলে পুলিশ গতকাল জানায়। তবে গাধাটি আকাশে চিৎকার করতে থাকায় পর্যটকরা বরং এই কাজে ক্ষুব্ধই হয়েছে। তারা মনে করছে, গাধাটির সাথে নির্মম আচরণ করা হয়েছে।

মানব শুক্র জীনের বয়স

সাম্প্রতিক এক গবেষণার শেষে মার্কিন বিজ্ঞানীরা দাবি করেছেন, তারা জনাতে পেরেছেন, মানব শুক্রস জীনের বয়স ৬০ কোটি বছর। গবেষণাটি পরিচালনা করেন যুক্তরাষ্ট্রের নর্থওয়েস্টার্ন বিশ্ববিদ্যালয়ের একদল গবেষক। গবেষণায় দেখা গেছে, শুক্র উৎপাদনের জন্য দায়ী নির্দিষ্ট জিন (তারা এর নাম দিয়েছেন বুল) বিবর্তন পক্রিয়ায় অপরিবর্তিত রয়েছে এবং প্রায় সব প্রাণীর মধ্যেই এটি খুঁজে পাওয়া গেছে। গবেষণা থেকে আরও জানা যায়, পতঙ্গ থেকে শুরু করে স্তন্যপায়ী প্রাণী পর্যন্ত সবার শুক্র উৎপাদনের ক্ষেত্রে বুল নামের এ জিনটি বিশেষভাবে প্রয়োজনীয়। গবেষকদের নেতৃত্বদানকারী বিজ্ঞানী অধ্যাপক উগুয়েন ঝু বলেন, এ গবেষনায় দেখানো হয়েছে, সব প্রাণীর শুক্র উৎপাদন একটি সাধারণ মূল জায়গা থেকেই এসেছে। তিনি আরও বলেন, বুলই সবেচেয়ে প্রাচীন মানব শুক্র জিন, যা ইতোপূর্বে কখনো নির্দিষ্টভাবে আবিস্কার করা হয়নি। এ গবেষণায় বিজ্ঞানীরা আবিস্কার করেন, বিভিন্ন বিবর্তনের ধারায় মানব, স্তন্যপায়ী, মাছ, কীটপতঙ্গ এবং সামুদ্রিক মেরুদন্ডহীন জীবের শুক্রেও এ জিনের উপস্থিতি রয়েছে।

ডলারের চিত্রকর্ম

ব্যবসায়ী ইরিনা ক্রুহানাভোর বাস লাটভিয়ায়। চিত্রশিল্পী হিসেবে ক্যারিয়ার গড়তে মোটা বেতনের চাকরি ছেড়ে দিয়েছেন তিনি। সফলতাও পেয়েছেন। যার প্রমাণ পাশ্চাত্যের গণমাধ্যমে তার চিত্রকর্ম নিয়ে ব্যাপক মাতামাতি। অবশ্য কারণও আছে। প্রথমে তিনি কাঙ্খিত চিত্রকর্মের আউটলাইনটি স্কেচ করেন। তারপর স্কেচের ভেতরের অংশটুকু ডলার দিয়ে পূর্ণ করেন। তাও আস্ত ডলার নয়, প্রয়োজন মতো সেগুলোকে কাঁচি দিয়ে কেটে টুকরো টুকরো করে নেন। তার সৃষ্টি এমন সব চিত্রকর্মের তালিকায় যুক্তরাষ্ট্রের স্ট্যাচু অব লিবার্টি থেকে শুরু করে রুশ প্রধানমন্ত্রী ভ্লাদিমির পুতিন পর্যন্ত স্থান পেয়েছে। এ বিষয়ে ক্রুহানোভা বলেন, আমি বিচিত্র কারুকার্যমন্ডিত ছবি আঁকতে চেয়েছিলাম। এমন ব্যতিক্রমী চিত্রকর্ম উপস্থাপন করতে চেয়েছিলাম যার মাধ্যমে স্বাধীনতা, সার্বভৌমত্ব, ব্যবসা, মূলধন প্রর্ভৃতি বিষয় উঠে আসবে। সেজন্য আমি সত্যিকার মার্কিন ডলার ব্যবহার করেছি। বেশ ভালো সাড়া পাচ্ছি। ইতিমধ্যেই আমার কাছে আরও অনেকগুলো চিত্রকর্মের জন্য অনুরোধ এসেছে। মাত্র কয়েকমাসের মধ্যেই আমি বুঝতে পারলাম,আমার অফিস করার সময় ফুরিয়েছে। কারণ অর্থউপার্জনের জন্য এখন আমার সবচেয়ে ভালো উপায় অর্থের চিত্রকর্ম সৃষ্টি করা।

স্থুলতার জন্য ট্যাক্স

অতিরিক্ত মোটা সোটা লোকজন যারা জেনেশুনে অস্বাস্থ্যকর জীবনযাপন করেন তদের অধিকতর বেশী হারে কর প্রদান করা উচিত বলে জানিয়েছেন জার্মান করজারভেটিভ দলের একজন সদস্য। সাক্সনি প্রদেশের পার্লামেন্টে রক্ষণশীল দলের সদস্য মারকো ভেনদারভেজ জানান, জার্মানির স্বাস্থ্যসেবা খাতের অতিরিক্ত ব্যয় পূরণ করতেই তিনি এই আহ্বান করেছেন। প্রয়োজনের তুলনায় অতিরিক্ত খাদ্য গ্রহণ, চকলেট তামাক জাতীয় দ্রব্য এবং সব অস্বাস্থ্যকর দ্রব্যের ভোগের ক্ষেত্রে তাদের উচ্চহারে কর প্রদান করতে হবে, যা স্বাস্থ্যসেবা খাতের উন্নয়নে ব্যয় হবে। জার্মান পত্রিকা বিল্ড জানায়, জার্মানিতে প্রতিবছর স্থলতাসম্পর্কিত অসুস্থতার কারণে ১৬ বিলিয়ন পাউন্ড গুনতে হয় সরাকরকে।

সিডনির মুকুট জয়

সিডনি কোন মানুষের নাম নয়, একটি শামুকের নাম। বিশ্ব শামুক দৌড় প্রতিযোগিতা ২০১০-এ শ্যেষ্ঠ দৌরবিদের তকমাটি এখন সিডনির। সম্প্রতি ব্রিটেনের নরফোকে আয়োজিত বিশ্ব চ্যাম্পিয়নশীপে সে জিতে নিয়েছে শ্রেষ্ঠত্বের মুকুটটি। প্রতিযোগিতায় ১৩ ইঞ্চি দূরত্ব অতিক্রম করতে সে সময় নিয়েছে ৩ মিনিট ৪১ সেকেন্ডস। আর শ্রেষ্ঠত্বের স্বীকৃতি হিসেবে তাকে দেয়া হয়েছে রূপার ঢাকনা ধেয়া একটি বিশেষ পানপাত্র। প্রাথটি বাবার শামুকের প্রিয় খাবার লেটুস পাতা দিয়ে পূর্ণ। প্রতিযোগিতার পর সিডনির মালিক ৬২ বছর বয়সী ক্লেয়ার লরেন্স জানা, আমি খুবই উৎফুল্ল। প্রতিযোগিতার মাত্র কয়েকদিন আগে তাকে নিয়ে এসেছিলাম। আমাদের বাগানে প্রতিদিন তাকে প্রশিক্ষণ দেয়া হতো। সে যেন শারিরীকভাবে পূর্ণ সুস্থ থাকে সেজন্য প্রতিদিন তাকে ডায়েট সালাদ পরিবেশণ করা হতো। সিডনী আমার শ্রমকে স্বার্থক করেছে।

তবে সিডনি চ্যাম্পিয়ন হলেও সবচেয়ে হলেও সবচেয়ে দ্রুতগতির রেকর্ডটি কিন্তু তার নয়। সেটি আর্চি নামে অন্য একটি শামুকের ১৯৯৫ সালে রেকর্ড দুই মিনিট সময়ে আর্চি কাঙ্খিত দুরত্ব অতিক্রম করেছিল। বলাবাহুল্য, ব্রিটেনে গত চল্লিশ বছর ধরে বিশ্বের একমাত্র স্বীকৃত শামুকদৌড় প্রতিযোগিতার আয়োজন করা হচ্ছে।

মাতালের কান্ড

ঘটনাটি ঘটেছে অস্ট্রেলিয়ার দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ব্রম নামের এলাকায়। পানশালা থেকে আকণ্ঠ পান করে এক মাতাল গিয়েছিল চিড়িয়াখানায়। সেখানে কাঁটাতারের বেড়ার ভেতরে ১৬ ফুট লম্বা একটি কুমির দেখে তার শখ জাগে সেটির পিঠে চড়ার। অতঃপর বেড়া ডিঙ্গিয়ে সে ভেতরে প্রবেশ করে এবং যথারীতি কুমিরের পীঠে চড়ে বসতে চেষ্টা করে। কিন্তু ফাটসো নামের নোনাপানির বুনো কুমির তাকে সে সুযোগ দেবে কেনো? মাতালকে সে ঝাঁকি দিয়ে পিঠ থেকে নামিয়ে দিয়ে তার ডান পা কামড়ে ধরে। বিস্ময়করভাবে কুমিরটি কেবল মাতালের পা কামড়েই রেহাই দিয়েছে। যা এ পজাতির কুমিরের স্বভাবের পুরো বিপরীত। ততক্ষনে লোকটির মাতলামি ছুটে গেছে। হাসফাঁস করতে করতে সে আবার বেড়া ডিঙ্গিয়ে বাইরে চলে আসে। পায়ের ক্ষতটির অবস্থা ভয়াবহ, দরদর করে রক্ত ঝড়ছে। পরে তাকে হাসপাতালে ভর্তি করা হয়। স্থানীয় পুলিশ সার্জেন্ট রজার হেইন্স বলেন, সে ভাগ্যবান প্রাণ নিয়ে পালিয়ে আসতে পেরেছে। কারণ শিকারি এ কুমরিটি যদি কাউকে একবার নাগালে পায় তবে তাকে জ্যান্ত ছেড়ে দেয়ার প্রশ্নই আসে না।

টানা ৪২ ঘন্টার ফুটবল ম্যাচ!

টানা ৪২ ঘন্টা ধরে চলেছে একটি ফুটবল ম্যাচ। কস্ফপনা করা যায়? যেখানে ৯০ মিনিট খেলার পরই গলদঘর্ম হয়ে পড়েন খেলোয়াড়রা। আর খেলা যদি অতিরিত্তপ্ত ৩০ মিনিটে গড়ায় তাহলে তো দুর্ভোগের শেষ থাকে না। কিন্ড়ু ৪২ ঘন্টারই একটি ফুটবল ম্যাচ সম্প্রতি অনুষ্ঠিত হয় কাতারের রাজধানী দোহারে। কাতারের সর্বাধুনিক এম্পায়ার ডোম ইনডোর স্টেডিয়ামে 'দ্য ক্রাঞ্চার' ও 'দ্য চ্যালেঞ্জার' নামের দু'টি দলের খেলা চলছিল এক নাগাড়ে ৪২ ঘন্টা। শুধু দীর্ঘ সময়ই নয়, গোলের বন্যায়ও ভেসে গিয়েছিল খেলাটি। খেলায় চ্যালেঞ্জার দল করে ২৯৩টি গোল এবং ক্রাঞ্চার দল ২৩৬ গোল। উভয় দলে বদলি খেলোয়াড়সহ অংশ নেন ৩৬ জন। এদের সম্মিলিত প্রচেষ্টায়ই ভেঙে যায় অতীতের দীর্ঘমেয়াদি ফুটবল ম্যাচের রেকর্ড।

মোনালিসা কেন এতো সুন্দর



ফরাসী একদল বিজ্ঞানী দীর্ঘ গবেষণা শেষে জানিয়েছেন, লিওনার্দো দ্য ভিঞ্চির ছবি আকার কৌশলের ওপর তারা নতুন করে আলোকপাত করতে সক্ষম হয়েছেন। যার ফলে তারা বুঝতে সক্ষম হয়েছেন, কেন শিল্পীর সৃষ্টি মোনালিসা এত সুন্দর? ক্যানভাসের ওপর রঙ-তুলির আঁচড়ে অবলীলায় ফুটে উঠেছে একটি নারীর মোহনীয় হাসি, রহস্যময় চাহনি আর অন্যবদ্য রূপলাবণ্য। শতাব্দির পর শতাব্দি ধরে বিশ্বব্যাপী তুমুল জনপ্রিয় এ চিত্রকর্মটি কেন এত জীবন্ত মনে হয়? কেন তার হাসি দেখে মুগ্ধতার আবেশ ছড়ায় মনে? শিল্পীর কি সেই কুশলী কৌশল? এসব প্রশ্নের উত্তর খুঁজে বের করতে সম্প্রতি একটি গবেষণা চালিয়েছেন ফরাসী বিজ্ঞানীরা। গবেষণা মেষে তারা জানান, এঙ-রে স্ক্যানারের সাহায্যে লিওনার্দোর বিখ্যাত ৭টি চিত্রকর্মের প্রতিটির উজ্জ্বলতার স্তর ও রঙের প্রয়োগ; তুল ও তা ব্যবহারের ধরণ এবং ছবি আকাঁর অন্যসব কৌশল তারা চিহ্নিত করতে সক্ষম হয়েছেন। এর ফলে তারা বুঝতে পেরেছেন কেন মোনলিসা এত সুসন্দর। শুধু মোনালিসা নয়, ভিঞ্চির মোট ৭টি ছবি ছিলো তাদের গবেষণার মূল উপাদান।